

# যুগান্তর

## সিরাজদিখানে মাদ্রাসা সুপারের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

👤 সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি

🕒 ২৫ নভেম্বর ২০২২, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

সিরাজদিখান টোলবাসাইল একটি মাদ্রাসা সুপারের বিরুদ্ধে মাদ্রাসা বোর্ডের নির্ধারিত সময়ের আগে পরীক্ষা নেওয়া, শিক্ষকদের নিকট টাকা চাওয়া, ছুটি না নিয়ে ছুটি কাটানোসহ নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। উপজেলার বাসাইল ইউনিয়নের রসুলপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসায় মাওলানা শহিদুল্লাহ শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। এরপর ওই মাদ্রাসায় সুপারের পদ শূন্য হলে পরিচালনা কমিটি শহিদুল্লাহকে সুপার হিসেবে নিয়োগ দেন। নিয়োগ পাওয়ার পর তার পছন্দের লোকজন দিয়ে কমিটি গঠন করেন শহিদুল্লাহ।

নতুন কমিটি করে তাদের ভুল বুঝিয়ে একের পর এক অনিয়ম ও দুর্নীতি করতে থাকেন। মাদ্রাসার একটি সূত্র জানায়, সুপার তার নিজের ইচ্ছে মতন ছুটি কাটান, নিজের লোকদের সুযোগ-সুবিধা দেন। মাদ্রাসায় কর্মরত শিক্ষকরা জানান, শিক্ষকদের নিকট টাকা চেয়ে খারাপ ব্যবহার করে, নিজে স্বেচ্ছাচারিতা করে মাফ চেয়ে পার পেয়ে যান। এসব অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার একবার মাদ্রাসার সুপারকে ডেকেছিলেন। সহকারী সুপার মৌলভী আবুল কালামের সঙ্গেও তার সম্পর্ক ভালো নয়। সহকারী শিক্ষক সাইফুল আলম ও সহকারী সুপার আবুল কালাম বলেন, আগামী ২৭ নভেম্বর বার্ষিক পরীক্ষা হওয়ার কথা মাদ্রাসার সুপার ২০ তারিখে নতুন পরীক্ষার রুটিন করে পরীক্ষা নিয়েছেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার খবর পেয়ে মাদ্রাসায় এসে পরীক্ষা বন্ধ করে আগামী ২৭ তারিখ পরীক্ষা নিতে বলেছেন।

এ বিষয়ে সুপার মাওলানা শহিদুল্লাহ বলেন, আমি ভুল করেছি, আমি মাফ চাইছি। এখন পরীক্ষা হচ্ছে না। সহকারী সুপারে সঙ্গে আমার ভুল বোঝাবুঝি হয়েছিল। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মিজানুর রহমান ভূইয়া বলেন, সুপারের অনিয়ম পরীক্ষা আগে নেওয়ার সম্পর্কে আমি অবহিত। ২০ তারিখ থেকে শুরু হওয়া ওই মাদ্রাসার পরীক্ষা বন্ধ করে দেওয়া হয়েছে। ২৭ তারিখ হতে নিয়ম অনুযায়ী পরীক্ষা নিতে বলা হয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা শরীফুল আলম তানভীর বলেন, এ বিষয়ে এখনও কোনো অভিযোগ পাইনি। কারও পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। আগাম পরীক্ষা নেওয়ার বিষয়ে শুনে আমি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রতিবেদন দিতে বলেছি। প্রতিবেদন মোতাবেক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022